

প্রেস রিলিজ

২৩ জুন ২০২৪

বাউবির এসএসসি পরীক্ষা ২০২৪ এর ফল প্রকাশ

পাসের হার ৬২ দশমিক ৫৮



বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের ২০২৪ সালের এসএসসি পরীক্ষার ফল আজ ২৩ জুন ২০২৪ তারিখ রবিবার প্রকাশিত হয়েছে। ওপেন স্কুলের ডিন ও পরীক্ষা নিয়ন্ত্রক (অতি: দায়িত্ব) অধ্যাপক ড. সাবিনা ইয়াসমিন আনুষ্ঠানিকভাবে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতার এর হাতে এ ফলাফল তুলে দেন। এ সময় উপ-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. মাহবুবা নাসরীন ও রেজিস্ট্রার ড. মহা: শফিকুল আলম উপস্থিত ছিলেন।

এ পরীক্ষার ১ম ও ২য় বর্ষের বিষয়ভিত্তিক ফলাফলসহ চূড়ান্ত ফল প্রকাশিত হয়েছে। পাসের হার শতকরা ৬২ দশমিক ৫৮। বাউবির এসএসসি-২০২৪ ব্যাচে নিবন্ধিত শিক্ষার্থী সংখ্যা ৩৩,৪০১ জন। এ পরীক্ষায় ১ম ও ২য় বর্ষে ৩১,৮১১ জন শিক্ষার্থী অংশগ্রহণ করে। চূড়ান্ত পরীক্ষায় ১২,৪৬০ জন শিক্ষার্থী অংশগ্রহণ করে ৭,৭৯৭ জন শিক্ষার্থী উত্তীর্ণ হয়।

শিক্ষার্থীদের মধ্যে ৫ জন A+ , ৭০৪ জন A , ২,১৩৮ জন A- , ২,৭২২ জন B , ২,১৬১ জন C এবং ৬৭ জন D গ্রেডে উত্তীর্ণ হয়েছে। উত্তীর্ণ শিক্ষার্থীদের মধ্যে ৪,৮১৪ জন ছাত্র এবং ২,৯৮৩ জন ছাত্রী। বিস্তারিত জানার জন্য www.bou.ac.bd

স্বাক্ষর

(আ.ফ.ম. ড. মেজবাহ উদ্দিন)
পরিচালক (ভারপ্রাপ্ত)